## ♣ উত্তরপত্র

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৬

**Total questions : 80 Total marks : 80**

---

1) 'He taught me to read Arabic'. বাক্যটির Passive form হবে ----?

✔ 1) I was taught by him to read Arabic
2) I has been taught by him to read Arabic
3) I have been taught by him to read Arabic
4) I was being taught by him to read Arabic

**ব্যাখ্যা :** 'He taught me to read Arabic' বাক্যটির Passive form হবে---- I was taught by him to read Arabic.

Sentence টি present indefinite tense এর হওয়ায় auxiliary verb হিসেবে am/is/are বসবে।

এখানে are ব্যবহার করতে হবে ; কারণ The brave মানে হল সাহসীরা। কখনো কখনো adjective এরপূর্বে the ব্যবহার করে common noun করা যায়।

Hello BCS

2) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ । আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 1250 বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত?

1)
30 মিটার

2)
40 মিটার

✔ 3)
50 মিটার

4)
60 মিটার

**ব্যাখ্যা :** ধরি,
আয়তক্ষেত্রের প্রস্থ X মিটার ও দৈর্ঘ্য 2X মিটার।

প্রশ্নমতে,
$2X^2 = 1250$
$\Rightarrow X^2 = 625$
$\Rightarrow X = 25$
দৈর্ঘ্য = (2×25) মিটার = 50 মিটার

3) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে উহার পরিসীমা কত?

1)
৭০ মিটার

✔ 2)
৮০ মিটার

3)
৯০ মিটার

4)
১০০ মিটার

**ব্যাখ্যা :** মনে করি প্রস্থ x মিটার হলে, দৈর্ঘ্য ৩x মিটার ∴ ক্ষেত্রফল = ৩$x^2$ বর্গমিটার প্রশ্নমতে, ৩$x^2$ = ৩০০ বা, x = ১০ অর্থাৎ প্রস্থ ১০ মিটার হলে দৈর্ঘ্য = ৩ ×১০ = ৩০ মিটার ∴ পরিসীমা = ২ ×(৩০ + ১০) মি. = ২ ×৪০ মি. = ৮০ মিটার।

4) কোন সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

1)
৭৩০

✔ 2)
৭৩৫

3)
৮০০

4)

Hello BCS

৭৮০

**ব্যাখ্যা :**

সংখ্যাটি 'ক' হলে,

$৮২০ - ক = ক - ৬৫০$

বা, $২ক = ৮২০ + ৬৫০$

বা, $ক = \frac{১৪৭০}{২}$

$\therefore ক = ৭৩৫$

5) ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ কোন রেখাটি বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে?

1)
আন্তর্জাতিক তারিখ রেখা

2)
মকরক্রান্তিরেখা

✔ 3)
কর্কটক্রান্তিরেখা

4)
মূলমধ্যরেখা

**ব্যাখ্যা :**

কর্কটক্রান্তিরেখা বা ট্রপিক অব ক্যান্সার বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে।

Hello BCS

6) কোন বানানটি শুদ্ধ?

1)
অসমীচীন

2)
সমীচীন

3)
অসমীচিন

✔ 4)
ক + খ উভয়ই

**ব্যাখ্যা :**

- অপশনে শুদ্ধ বানান আছে ক + খ উভয়। অপশনে
- সমীচীন = যা করা উচিত, দরকার, শোভনীয় যা।
- অসমীচীন যার অর্থ যা করা উচিৎ নয়।

7) 'মনমাঝি' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

1)
মনের মাঝি

✔ 2)
মন রূপ মাঝি

3)
মন মাঝির ন্যায়

4)
মন ও মাঝি

**ব্যাখ্যা :**

- রূপক কর্মধারয় সমাস -
- উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়ে থাকে। যেমন -

- মন রূপ মাঝি = মন মাঝি
- বিষাদ রূপ সুন্দর = বিষাদসিন্ধু
- জীবন রূপ প্রদীপ = জীবনপ্রদীপ
- ক্রোধ রূপ অনল = ক্রোধানল ইত্যাদি।

8) বাক্য সংকোচন কী?

1)
ইঙ্গিতময় শব্দ ব্যবহার করে বাক্য তৈরি করা

2)
অসম্পূর্ণ বাক্য

✔ 3)
একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা

4)

Hello BCS

ক্ষুদ্র একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা

**ব্যাখ্যা :**

- বাক্য সংকোচন -
- একটি মাত্র শব্দে ভাব প্রকাশকেই বাক্য সংকোচন বলে ।
- ভাষার মূল উপকরণ হল বাক্য । এটি আলোচিত হয় বাক্যতত্ত্বে। যেমন-
- অনেকের মধ্যে একজন = অন্যতম।
- উভয় হাত সমানভাবে চলে যার = সব্যসাচী
- মৃতের মত অবস্থা যার = মুমূর্ষু ইত্যাদি

9) 'অনাদর' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

1)
আদরের অভাব

✔ 2)
ন আদর

3)
নাই আদর

4)
অনেক আদর

**ব্যাখ্যা :**

- নঞ তৎপুরুষ
- - না, নেই, নাই, নয় ইত্যাদি না-বাচক অব্যয় পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয় তাই নঞতৎপুরুষ সমাস। যেমন-
- ন আদর = অনাদর
- ন কাতর = অকাতর
- ন আচার = অনাচার এরূপ নাতিদীর্ঘ, বেতাল, অভাব ইত্যাদি।

Hello BCS

10) “Amicable” শব্দের অর্থ-

1)
ঘৃণা

✔ 2)
সৌহার্দপূর্ণ

3)
বিরোধী

4)
অশান্তি

**ব্যাখ্যা :** Amicable (adj) অর্থ সৌহার্দপূর্ণ।

এছাড়া ঘৃণা এর ইংরেজি hatred, disdain ইত্যাদি, বিরোধী এর ইংরেজি opponent, opposition ইত্যাদি এবং অশান্তি এর ইংরেজি unrest, turmoil ইত্যাদি ।

Hello BCS

11) 'ঐশ্বর্য' এর বিপরীত শব্দ কোনটি?

✔ 1)
নিঃস্ব

2)
ঐচ্ছিক

3)
আসক্তি

4)
পারত্রিক

**ব্যাখ্যা :**

- বিশেষ্য শব্দ 'ঐশ্বর্য' শব্দের অর্থ হল সম্পদ, ধন, বিভব ইত্যাদি।
- এর বিপরীত শব্দ হচ্ছে নিংস্ব ; যার কিছু নাই।
- কিছু বিপরীত শব্দ -
- আসক্তি- নিরাসক্তি
- ঐহিক - পারত্রিক
- ঐচ্ছিক - আবশ্যিক
- সত্বর- মন্থর

- হত (মৃত)- জীবিত
- হর্ষ- বিষাদ
- সিক্ত- শুষ্ক
- স্বার্থ -পরার্থ ইত্যাদি।

12) 'যা সহজে অতিক্রম করা যায় না' এর এককথায় প্রকাশ কি হবে?

1)
অনতিক্রম্য

✔ 2)
দুরতিক্রম্য

3)
দুর্গম

4)
অলঙ্ঘ্য

**ব্যাখ্যা :** কিছু এককথায় প্রকাশ -

অনতিক্রম্য - যা অতিক্রম করা যায় না

দুরতিক্রম্য - কষ্টে / সহজে অতিক্রম করা যায় না যা

দুর্লভ - যা কষ্টে লাভ করা যায়

অদম্য- যা দমন করা যায় না

দুর্গম - যেখানে যাওয়া কষ্টকর

দুর্লঙ্ঘ্য- যা কষ্টে লঙ্ঘন করা যায়

অলঙ্ঘ্য- যা কষ্টে লঙ্ঘন করা যায় না ইত্যাদি।

13) বাংলা বর্ণমালায় কতটি 'ব' আছে?

1)
২টি

✔ 2)

Hello BCS

১টি

3)
৪টি

4)
৩টি

**ব্যাখ্যা :**

- বর্তমানে বাংলা বর্ণমালায় 'ব' একটি। যা ব্যঞ্জনবর্ণের ২৩ নম্বর।

14) কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

1)
ফি

2)
খাস

3)
অতি

✔ 4)
অজ

**ব্যাখ্যা :** অপশনে খাঁটি বাংলা উপসর্গ হল অজ। এটি নিতান্ত বা মন্দ অর্থে ব্যবহৃত হয়েছে। অজ উপসর্গে গঠিত বাংলা শব্দ - অজ পাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর ইত্যাদি।

অপশনে, খাস (বিশেষ) হচ্ছে আরবি উপসর্গ - খাসকামরা, খাসখবর, খাসমহল, খাসদরবার। ফি (প্রতি) হচ্ছে ফারসি উপসর্গ। ফি- রোজ, ফি- সন, ফি বছর, ফি হপ্তা।

15) 'হাতির বাসস্থান' এর বাক্য সংকোচন কি?

1)
হাতিগৃহ

✔ 2)
গজগৃহ

3)

Hello BCS

খাদ্য

4)
গুরুগৃহ

**ব্যাখ্যা :**

- কিছু সমার্থক শব্দ জেনে রাখি-
- গজগৃহ- হাতির থাকার স্থান বা বাসগৃহ
- সৌপ্তিক - রাত্রিকালীন যুদ্ধ
- ওষধি- ফল পাকলে যে গাছ মারা যায়
- সতীর্থ - একেই গুরুর শিষ্য যারা
- পরভৃৎ (কাক) - পরকে প্রতিপালন করে যে
- ক্রন্দসী- আকাশ ও পৃথিবী ইত্যাদি। প্রশ্নে গুরুগৃহ অর্থ শিক্ষকের বাসা/বাড়ি/ গৃহ।

16) 'Pragmatic' শব্দের অর্থ-

✔ 1)
বাস্তবধর্মী

2)
অগ্রবর্তী

3)
অবাস্তব

4)
অসাধারণ

**ব্যাখ্যা :** Pragmatic (adj) অর্থ বাস্তবধর্মী বা প্রয়োগিক।

এছাড়া অগ্রবর্তী এর ইংরেজি forward, onward, advanced ইত্যাদি, অবাস্তব এর ইংরেজি mythical, unreal, immaterial ইত্যাদি এবং

অসাধারণ এর ইংরেজি uncommon, extraordinary, exceptional ইত্যাদি ।

Hello BCS

17) Black and blue অর্থ কী?

✔ 1)
উত্তম মধ্যম

2)
রঙ্গীন

3)
ধূসর

4)
কাল ও নীল

**ব্যাখ্যা :**

Black and blue অর্থ উত্তম মধ্যম বা প্রহার করা যেমন : The teacher beat the students black and blue । black and white অর্থ লিখিত ভাবে।

18) কোন দুটি মহাপ্রাণ ধ্বনি?

✔ 1)
খ, ঝ

2)
ক, খ

3)
ত, দ

4)
চ, জ

**ব্যাখ্যা :** বাংলা বর্ণমালায় অল্পপ্রাণ ও মহাপ্রাণ বর্ণ রয়েছে। মহাপ্রাণ ধ্বনি - কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে জোরে সংযোজিত হয় তাকে মহাপ্রাণ ধ্বনি।

যেমন- খ, ঘ ছ, ঝ ঠ, ঢ থ, ধ ফ, ভ মোটকথা বর্গের ২ ও ৪ নং বর্ণগুলি হচ্ছে মহাপ্রাণ।

অল্পপ্রাণ ধ্বনি - কোনো কোনো ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে জোরে সংযোজিত হয় না তাকে অল্পপ্রাণ ধ্বনি। যেমন- ক, গ (বর্গের ১, ৩ নং বর্ণ গুলো

Hello BCS

19) কোন বানানটি শুদ্ধ?

✔ 1)
মুমূর্ষু

2)
মূমূর্ষু

3)
মূমূর্ষ

4)
মুমুর্ষূ

**ব্যাখ্যা :**

- শুদ্ধ বানানযুক্ত অপশনটি হল (ঘ) মুমূর্ষু। যার অর্থ মৃতের মত অবস্থা যার।

20) কোনটি মূলধ্বনি নয়?

1)
উ

2)
এ

3)
অ

✔ 4)
ঔ

**ব্যাখ্যা :**

- মূলধ্বনি-
- যে ধ্বনিগুলো অন্য কোন ধ্বনি হতে সৃষ্টি হয় নি তাদের মূলধ্বনি বলে। অপশনে মূলধ্বনি গুলো হল- উ, অ, এ। কিন্তু ঔ হল যৌগিক ধ্বনি (ও +ই) । এরূপ আর একটি যৌগিক ধ্বনি ঐ (অ + ই)

Hello BCS

21) বাংলা ভাষায় প্রথম মুসলমান কবির নাম কি?

✔ 1)
শাহ মোহাম্মদ সগীর

2)
মীর মশাররফ হোসেন

3)
শামসুর রাহমান

4)
কাজী নজরুল ইসলাম

**ব্যাখ্যা :** শাহ মোহাম্মদ সগীর - মধ্যযুগের বাংলা ভাষার প্রথম কবি হলেন শাহ মোহাম্মদ সগীর।

তার রচিত বিখ্যাত রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ - জোলেখা। এটি বাংলা সাহিত্যের প্রথম প্রণয়োপাখ্যান। আধুনিক যুগের প্রথম মুসলিম নাট্যকার, ঔপন্যাসিক হলেন মীর মশাররফ হোসেন।

তার রচিত প্রথম নাটক 'বসন্তকুমারী' কোন মুসলিম রচিত প্রথম নাটক।

Hello BCS

22) 'ষোলকলা' অর্থ কোনটি?

✔ 1)
সম্পূর্ণ

2)
সুন্দর কলা

3)
ষোলটি কলা

4)
এক টাকা

**ব্যাখ্যা :**

- ষোলকলা বাগধারা অর্থ হল- পুরোপুরি /সম্পূর্ণ - আমার হিসাব আমি ষোলকলা বুঝিয়ে নিবো তোমার হতে, কোন ছাড় নাই।

23) কোন দুটি রচনা একেই শ্রেনীর?

✔ 1)
গীতাঞ্জলি ও অগ্নিবীণা

2)
ডাকঘর ও শ্রীকান্ত

3)
নীলদর্পণ ও বিষাদসিন্ধু

4)
লালসালু ও বলাকা

**ব্যাখ্যা :** বিশ্বকবি কাজী নজরুল ইসলামের বিদ্রোহী প্রধান কাব্য অগ্নিবীণা। এটি কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ। এ কাব্যগ্রন্থে মোট ১২টি কবিতা রয়েছে। প্রথম কবিতার নাম হল প্রলয়োল্লাস। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গীতাঞ্জলি হল তার বিখ্যাত কাব্যগ্রন্থ যার জন্য তিনি নোবেল পুরস্কার লাভ করেন। সুতরাং এ ২টি কাব্যগ্রন্থ।

অপশন খ তে, ডাকঘর হল রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সাংকেতিক ও রূপক ধর্মীয় নাটক, আর ' শ্রীকান্ত ' হল শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত আত্মজীবনীমূলক উপন্যাস।

অপশন গ, নীলদর্পণ হল দীনবন্ধু মিত্রের রচিত নাটক, বিষাদসিন্ধু হল মীর মশাররফ হোসেনের ইতিহাস আশ্রয়ী উপন্যাস। যাতে কারবালার বিষাদময় ঘটনা বর্ণিত হয়েছে এবং এর নায়ক হলেন এজিদ।

অপশন ঘ, লালসালু হল সৈয়দ ওয়ালীউল্লাহ কর্তৃক রচিত বিখ্যাত উপন্যাস যা ১৯৪৮ সালে প্রকাশিত হয়। বলাকা হল রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ যাতে গতিতত্ত্ব প্রকাশ পেয়েছে। সুতরাং অপশন (ক) ই কেবল একেই শ্রেনীর।

24) কোনটি পুত্র শব্দের সমার্থক শব্দ নয়?

1)
আত্মজ

2)
নন্দন

✔ 3)
শৈলজ

4)
তনয়

Hello BCS

**ব্যাখ্যা :**

- পুত্র শব্দের সমার্থক শব্দ হল আত্মজ, নন্দন, তনয়, সুত, তনুজ, দুলাল, দারক, পুত, ছেলে ইত্যাদি।

  পুত্র শব্দের সমার্থক শব্দ নয় শৈলজ। এর অর্থ পার্বতীয়।

25) 'রাজর্ষী' এর ব্যাসবাক্য কোনটি?

✔ 1)
যিনি রাজা তিনিই ঋষি

2)
যিনি রাজা তিনি ঋষি

3)
যিনি ঋষি তিনিই রাজা

4)
যিনি ঋষি তিনি রাজা

**ব্যাখ্যা :** কর্মধারয় সমাস - বিশেষণ ও বিশেষ্যপদ মিলে যে সমাস হয় এবং পরপর বা উত্তরপদের অর্থ বা বিশেষ্যের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে কর্মধারয় সমাস বলে।

যেমন- যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষী
যে শান্ত সে শিষ্ট = শান্তশিষ্ট
মহান যে রাজা = মহারাজ
যে চালাক সেই চতুর = চালাক চতুর
যা কাঁচা তাই মিঠা = কাঁচামিঠা
যিনি জজ তিনিই সাহেব = জজসাহেব ইত্যাদি।

26) কোনটি আদি স্বরাগম?

1)
রত্ন > রতন

✔ 2)
স্ত্রী > ইস্ত্রী

3)
গ্রাম > গেরাম

4)

Hello BCS

স্নেহ > সিনেহ

**ব্যাখ্যা :**

- আদি স্বরাগম
- নানা কারণে ধ্বনির পরিবর্তন হয়ে থাকে। তার মধ্যে একটি হল আদি স্বরাগম। উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনি আসলে তাকে আদি স্বরাগম বলে।

- যেমন- স্ত্রী > ইস্ত্রী
- স্কুল > ইস্কুল
- স্টেশন > ইস্টিশন
- অপশনে থাকা গ্রাম > গেরাম,
- রত্ন > রতন
- স্নেহ > সেনেহ/ সিনেহ
- প্রেক > পেরেক হল স্বরভক্তি, বিপ্রকর্ষ বা মধ্য স্বরাগম এর উদাহরণ।

Hello BCS

27) Select the correct ones : Our teacher told the monitor to hand out scripts _____ the class.

✔ 1)
among

2)
between

3)
into

4)
through

**ব্যাখ্যা :**

- দুইজনের মাঝে বুঝাতে বাক্যে 'between' preposition বসে। এবং দুইয়ের অধিকের মাঝে বুঝাতে বাক্যে 'among' preposition বসে।

- এখানে class দ্বারা উক্ত শ্রেণির সকল ছাত্রছাত্রী কে বোঝানো হয়েছে তাই among বসবে।

28) A rolling stone gathers no moss. Here “rolling” is?

✔ 1)

Participle

2)
Adjective

3)
Gerund

4)
Verbal Noun

ব্যাখ্যা :

- কোন verb এর সাথে যদি ing যুক্ত হয় এবং সেটা noun এর কাজ করে তখন তাকে gerund বলে আর যদি adjective এর কাজ করে তাহলে তাকে participle বলে।

  এখানে rolling শব্দটি দ্বারা stone (noun) কে modify করা হয়েছে তাই এটি এখানে participle হিসেবে ব্যবহৃত হয়েছে।

29) Which one is a common noun?

✔ 1)
Infant

2)
Salt

3)
Studentship

4)
Army

ব্যাখ্যা :

- যে noun দ্বারা সকল কিছুর সাধারণ নামকে বুঝায় তাকে common noun বলে। infant অর্থ শিশু যা সকল শিশুর সাধারণ নাম, নির্দিষ্ট কোন শিশুর নাম নয়।

  তাই এটি common noun. এছাড়া Salt (লবন) হলো material noun, Studentship (ছাত্রত্ব) হলো abstract noun এবং Army (সেনাদল) হলো collective noun.

Hello BCS

30) ‘I know that he did the work.’ বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-

1) It was known to me that the work has been done by him
✔ 2) It is known to me that the work was done by him
3) It was known to me that the work was done by him
4) It was known to me that the work had been done by him

**ব্যাখ্যা :** Complex and compound sentence যুক্ত active voice কে passive voice এ রূপান্তর করার নিয়ম-

Complex and compound sentence যুক্ত active voice এ রূপান্তরের সময় উভয় clause এর voice পরিবর্তন হয়।

Active: I know that he did the work.

Passive: It is known to me that the work was done by him. Active: He told me that he had done the work.

Passive: I was told that the work had been done by him.

Hello BCS

31) “Contaminate” means–

1) Think

2) Purify

✔ 3) Pollute

4) Corruption

**ব্যাখ্যা :**

- Contaminate শব্দের অর্থ কলুষিত করা, দূষিত করা যার সমার্থক শব্দ pollute (দূষিত করা)।

এছাড়া Think অর্থ চিন্তা করা, Purify অর্থ বিশুদ্ধ করা এবং Corruption অর্থ দুর্নীতি

32) "লোভে পাপ, পাপে মৃত্যু" -এর ইংরেজি অনুবাদ কোনটি?

✔ 1)
Greed leads to sin and to death.

2)
Greed leaded to sin and to death.

3)
Greed leading to sin and to death.

4)
Greed leads to sin and death.

**ব্যাখ্যা :**

- এটি একটি প্রবাদ বাক্য। যার সঠিক ইংরেজি অনুবাদ হলো Greed leads to sin and to death.

  এরকম আরো কিছু বাক্য যেমন : Grasp all, lose all (অতি লোভে তাঁতি নষ্ট), All's well that ends well (শেষ ভালো যার সব ভালো তার), A little learning is a dangerous thing (অল্প বিদ্যা ভয়ংকরী ইত্যাদি ।

Hello BCS

33) The ____ of the camel was found lying by the side of the canal.

✔ 1)
Carcass

2)
Corpees

3)
Corps

4)
Corpse

**ব্যাখ্যা :**

- Carcass অর্থ পশু বা পাখির মৃতদেহ, Corps অর্থ সৈন্যদল এবং Corpse অর্থও মৃতদেহ বা লাশ।

  সুতরাং পশুর মৃতদেহ অর্থে carcass শব্দটি অধিক যুক্তিসংগত, তাই সঠিক উত্তর carcass

34) Choose the right verb : Rabindranath’s stories often _____ surprise ending

1)
had

✔ 2)
have

3)
has

4)
have had

**ব্যাখ্যা :**

কোন বাক্যে often, sometimes, regularly, occasionally, generally, normally ইত্যাদি থাকলে বাক্যটিকে present indefinite tense করতে হয়।

এবং এখানে Rabindranath’s stories বাক্যের subject হিসেবে plural তাই verb, plural ব্যবহার করতে হবে। সুতরাং সঠিক উত্তর have.

Hello BCS

35) Choose the correct Sentence -

1)
Over a billion people uses Microsoft Windows Operating Systems

✔ 2)
Over a billion people use Microsoft Windows Operating Systems.

3)
Over a billion peoples use Microsoft Windows Operating Systems.

4)
Over a billion people using Microsoft Windows Operating Systems.

**ব্যাখ্যা :**

- subject হিসেবে 'over a billion of people' plural হওয়ায় এর verb হবে plural অর্থাৎ use হবে।

  আর continuous tense, gerund এবং participle ছাড়া verb এর সাথে ing যুক্ত হয় না।

তাই সঠিক উত্তর Over a billion people use Microsoft Windows Operating Systems.

36) Choose the word correctly spelt.

1)
Soverigntly

✔ 2)
Sovereignty

3)
Sovereiginity

4)
Soverinty

**ব্যাখ্যা :** সঠিক বানান যুক্ত শব্দ হলো Sovereignty যার অর্থ হলো সার্বভৌমত্ব বা সার্বভৌম ক্ষমতা।

Hello BCS

37) Identify the correct sentence:

1)
He was working hard to standing first.

2)
He is working hardly to stand first

✔ 3)
He is working hard to stand first

4)
He works hard to standing first

**ব্যাখ্যা :**

- to এর পর সর্বদা verb এর base form বসে, verb এর সাথে ing নয়। তাই ১ম ও ৪র্থ অপশন ঠিক নয়।

  এখানে hard হলো adverb তাই এর সাথে আবার ly যুক্ত করতে হয় না, আর hardly অর্থ কদাচিৎ।

  সুতরাং সঠিক উত্তর He is working hard to stand first.

38) The plural form of “Nucleus” is—-

1)
Nuclei

2)
Nucleuses

✔ 3)
ক + খ উভয়ই ঠিক

4)
কোনটি ঠিক নয়

ব্যাখ্যা :

- Nucleus অর্থ স্নায়ুকোষসমষ্টি যার plural form হলো Nuclei এবং Nucleuses. অর্থাৎ Nucleus এর plural form (ক) ও (খ) উভয়ই ঠিক।

39) She asked me, “Are you happy in your new job?”

✔ 1)
She asked me if I was happy in my new job.

2)
She asked me if I have been happy in my new job.

3)
She asked me whether I am happy in my new job.

4)
She asked me if I had been happy in my new job.

ব্যাখ্যা :

Reported speech যদি সাহায্যকারী verb দ্বারা শুরু হয় তাহলে indirect করার সময় inverted comma তুলে দিয়ে that না বসিয়ে if বা weather বসাতে হবে এবং reported speech টি present indefinite tense থাকায় indirect এ past indefinite tense হবে।

সুতরাং সঠিক উত্তর She asked me if I was happy in my new job.

Hello BCS

40) He is _____ European.

✔ 1)
a

2)
an

3)
The

4)
None of Theme

**ব্যাখ্যা :**

- কোন শব্দের প্রথম বর্ণ 'ইউ' এর মত উচ্চারণ হলে তার পূর্বে vowel থাকার পরও a বসে।

  যেমন : a unique, a university, a European, a uniform ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর a .

Hello BCS

41) Choose the correct options. The Government has extended a warm welcome ___ the visiting delegation.

1)
with

2)
through

✔ 3)
to

4)
for

**ব্যাখ্যা :**

- কাউকে স্বাগত জানানোর ক্ষেত্রে welcome to ব্যবহার করা হয়।

42) She said, ” Let me come in.” Which of the following is correct indirect form?

1)
She requested that she may be allowed to come in.

✔ 2)
She requested that she might come in.

3)
She said that she come in.

4)
She requested that she may come in.

ব্যাখ্যা :

- বাক্যটি দ্বারা অনুরোধ বুঝানোয় reporting verb হিসেবে request নিতে হবে এবং let me, let her, let them ইত্যাদি দ্বারা শুরু হওয়া

  imperative sentence এর indirect করার সময় that + sub + might + verb (1) অনুযায়ী করতে হবে।

  সুতরাং সঠিক বাক্য She requested that she might come in.

Hello BCS

43) ৭ মার্চ ১৯৭১ এর বঙ্গবন্ধুর ভাষণের মূল বক্তব্য কি ছিল?

✔ 1)
স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তি সংগ্রামের ঘোষণা

2)
পুনরায় নির্বাচন দাবি

3)
সামরিক আইন জারি করা

4)
অনশন ধর্মঘট আহবান

ব্যাখ্যা :

১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রমনায় অবস্থিত রেসকোর্স ময়দানে অনুষ্ঠিত জনসভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক ঐতিহাসিক ভাষণ দিয়েছিলেন। এ ভাষণকে বাঙ্গালি জাতির মুক্তির সনদও বলা হয়।

এ ভাষণের মূল বক্তব্য স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তি সংগ্রামের ঘোষণা । এ ভাষণে শেষের দিকে তিনি বলেন "এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"।

44) বাংলাদেশ সংবিধান এ পর্যন্ত কতবার সংশোধন করা হয়েছে?

1)
১৫ বার

2)
১৬ বার

✔ 3)
১৭ বার

4)
১৮ বার

**ব্যাখ্যা :** বাংলাদেশের সংবিধানের মোট ১৭ বার সংশোধন করা হয়েছে। তবে এসব সংশোধনীর মধ্যে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পঞ্চম সংশোধনী, হুসেইন মুহাম্মদ এরশাদের সপ্তম সংশোধনী, ত্রয়োদশ সংশোধনী এবং ষোড়শ সংশোধনী সুপ্রীম কোর্ট কর্তৃক বাতিল করা হয়েছে।

Hello BCS

45) বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে?

1)
এএইচ এম কামারুজ্জামান

2)
তাজউদ্দীন আহমদ

✔ 3)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

4)
সৈয়দ নজরুল ইসলাম

**ব্যাখ্যা :**

বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি তখন পাকিস্তানের কারাগারে বন্দি ছিলেন।

সৈয়দ নজরুল ইসলাম ছিলেন বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি।

তাজউদ্দীন আহমদ ছিলেন প্রথম প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী ছিলেন এএইচ এম কামারুজ্জামান

46) মুক্তিযুদ্ধের আত্মসমর্পণের দলিল কোথায় স্বাক্ষরিত হয়?

✔ 1)
সোহরাওয়ার্দী উদ্যান

2)
শিশুপার্ক

3)
লালদিঘী ময়দান

4)
রমনা পার্ক

**ব্যাখ্যা :**

মুক্তিযুদ্ধের আত্মসমর্পণের দলিল স্বাক্ষরিত হয় সোহরাওয়ার্দী উদ্যানে (তৎকালীন রেসকোর্স ময়দান) ।

১৬ ডিসেম্বর ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানের সামরিক আইন প্রশাসক লেফটেন্যান্ট জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী, ভারতীয় ও বাংলাদেশী বাহিনীর যুগ্ম কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরার কাছে আত্মসমর্পণ করেন।

বাংলাদেশ সেনাবাহিনীর উপ সেনাপ্রধান, এয়ার কমোডর এ কে খন্দকার আত্মসমর্পণে বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রতিনিধিত্ব করেছিলেন। আত্মসমর্পণের দলিলের নাম ছিল "INSTRUMENT OF SURRENDER"।

47)
২০২০ সালে সাহিত্যে নোবেল পুরস্কার কে পেয়েছেন?

1)
হার্ভে জে আল্টার

2)
চার্লস এম রাইস

3)
আন্দ্রেয়া ঘেজ

✔ 4)
লুইস এলিজাবেথ গ্ল্যাক

**ব্যাখ্যা :**

লুইস এলিজাবেথ গ্ল্যাক হাঙ্গেরিয়ান বংশোদ্ভুত আমেরিকান কবি ও প্রাবন্ধিক। তিনি ২০২০ সালে সাহিত্যে নোবেল পুরস্কারে হয়েছেন। পেশায় সাহিত্যের অধ্যাপক।

তাঁর অসামান্য কাব্যভাষ্য ও দার্শনিক সৌন্দর্যবোধ ব্যক্তি সত্তাকে সার্বজনীন করে তোলে। প্রসঙ্গত, নোবেল পুরস্কারের ইতিহাসে ১৬তম মহিলা বিজেতা হলেন এই মার্কিন কবি।

48) বাংলা ভাষার মধ্যযুগ-

1)
১২০১-১৫০০ খ্রিস্টাব্দ

2)
৬০০-১২০০ খ্রিস্টাব্দ

✔ 3)
১২০১-১৮০০ খ্রিস্টাব্দ

4)
৮০০- ১০০০ খ্রিস্টাব্দ

Hello BCS

**ব্যাখ্যা :**

- বাংলা ভাষার যুগ- বাংলা ভাষাবিদদের মধ্যে ভাষার যুগ বিভাগ নিয়ে মতামত রয়েছে। বাংলা ভাষার সময়কে তিনভাগে ভাগ করা হয়।
- প্রাচীন যুগ- ৬৫০-১২০০ খ্রিস্টাব্দ
- মধ্যযুগ- ১২০১-১৮০০ খ্রিস্টাব্দ
- আধুনিক যুগ ১৮০১- বর্তমান সময় পর্যন্ত।

49) মহাস্থানগড়ের পুরাতন নাম কি?

1)
সুবর্নগ্রাম

✔ 2)
পুন্ড্রবর্ধন

3)

চন্দ্রদ্বীপ

4)
সিংহজানী

**ব্যাখ্যা :**

প্রাচীন বাংলার জনপদ গুলোর মধ্যে পুন্ড্র ছিল অন্যতম গুরুত্বপূর্ণ জনপদ। এ জনপদের রাজধানী ছিল পুন্ড্রনগর। পরবর্তীকালে এর নামকরণ করা হয় মহাস্থানগড় ।

পঞ্চম-ষষ্ঠ শতকে এই জনপদ পুন্ড্রবর্ধন-এ রূপান্তরিত হয়। রাজশাহী, দিনাজপুর ও বগুড়া জেলা জুড়ে এই জনপদের বিস্তৃতি ছিল।

50) কোন দেশটি BIMSTEC-এর সদস্য নয়?

1)
বাংলাদেশ

✔ 2)
পাকিস্তান

3)
ভারত

4)
থাইল্যান্ড

**ব্যাখ্যা :**

BIMSTEC বা Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical & Economic Cooperation. এটি দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় কয়েকটি দেশকে নিয়ে গঠিত একটি আঞ্চলিক অর্থনৈতিক জোট।

এটি প্রতিষ্ঠিত হয় ৬ জুন ১৯৯৭ সালে এবং এর সদস্য দেশ হলো ৭ টি। যথা- বাংলাদেশ, ভুটান, মিয়ানমার, ভারত, নেপাল, শ্রীলঙ্কা এবং থাইল্যান্ড । এর সদর দপ্তর ঢাকায় অবস্থিত। সুতরাং পাকিস্তান এই জোটের সদস্য নয়।

51) ব্রিকস এর মূলমন্ত্র কি?

✔ 1)
সদস্য দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি

Hello BCS

2)
সন্ত্রাস দমনে একে অপরের সহযোগিতা

3)
সদস্য দেশের মধ্যে অর্থনৈতিক শ্রীবৃদ্ধি

4)
সাংস্কৃতিক ক্ষেত্রে সহায়তা প্রদান

**ব্যাখ্যা :**

BRICS উদীয়মান জাতীয় অর্থনীতির দেশসমূহের একটি জোট যার মূলমন্ত্র হলো সদস্য দেশগুলোর মধ্যে সহযোগিতা বৃদ্ধি।

এর সদস্য দেশগুলো হলো : B=ব্রাজিল, R=রাশিয়া, I= ভারত, C=চীন এবং S= দক্ষিণ আফ্রিকা। ১৬ মে ২০০৮ সালে এটি প্রতিষ্ঠিত হয় এবং দক্ষিণ আফ্রিকা ২০১১ সালে এই জোটে যুক্ত হয়

52) প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা ১৯১৭ এর মূল প্রতিপাদ্য ছিল-

1)
জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন

2)
জাতিপুঞ্জ সৃষ্টি করা

3)
অটোম্যানদের জায়গা দখল করা

✔ 4)
ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন

**ব্যাখ্যা :**

Hello BCS

The Balfour Declaration (বেলফোর প্রতিশ্রুতি) ছিলো ১৯১৭ সালে ব্রিটেন কর্তৃক নিজেদের দেওয়া প্রতিশ্রুত ঘোষণা, "a national home for the Jewish people"।

অর্থাৎ ইহুদীদের জন্য ইহুদী রাষ্ট্র তৈরির ঘোষণা। বেলফোর ঘোষণা (তারিখ ২ নভেম্বর ১৯১৭) হল ব্রিটিশ ইহুদি সম্প্রদায়ের একজন নেতা ব্যারন রথচাইল্ডের কাছে যুক্তরাজ্যের পররাষ্ট্র সচিব আর্থার জেমস বেলফোরের লেখা একটি চিঠি।

বেলফোর ঘোষণার মাধ্যমে ফিলিস্তিনিদের সাথে চক্রান্ত করে তাদের নিজেদের ভূখন্ডে ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন করা হয়।

53) NAFTA-এর সদস্য সংখ্যা কত?

✔ 1)
৩

2)
৪

3)
৫

4)
৬

Hello BCS

**ব্যাখ্যা :**

NAFTA উত্তর আমেরিকার একটি মুক্ত বাণিজ্য চুক্তি।

NAFTA এর পূর্ণরূপ North American Free Trade Agreement যা স্বাক্ষরিত হয় ১৯৯২ সালে এবং কার্যকর হয় ১ লা জানুয়ারি ১৯৯৪ সালে।

এর সদস্য দেশ তিনটি যথা- যুক্তরাষ্ট্র,মেক্সিকো ও কানাডা।

54) বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?

✔ 1)
শব্দ শক্তি

2)
তাপ শক্তি

3)

আলোক শক্তি

4)
রাসায়নিক শক্তি

**ব্যাখ্যা :**

- বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।
- বৈদ্যুতিক বাতিতে বিদ্যুৎ শক্তি আলোক ও তাপ শক্তিতে এবং
- বৈদ্যুতিক মোটরে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।

55) Seismograph কি?

1)
পানির প্রবাহ মাপার যন্ত্র

2)
বায়ু মাপার যন্ত্র

✔ 3)
ভূমিকম্প মাপার যন্ত্র

4)
বৃষ্টিপাত মাপার যন্ত্র

**ব্যাখ্যা :**

সিসমোগ্রাফ বা সিসমোমিটার হলো ভূমিকম্প মাপার যন্ত্র।

ভূমিকম্পের মাত্রা বা তীব্রতা মাপা হয় রিখটার স্কেলে।

এছাড়া বায়ুমন্ডলের চাপ মাপার যন্ত্র হলো ব্যারোমিটার এবং বৃষ্টিপাত মাপার যন্ত্র হলো রেইন গেজ।

Hello BCS

56) ”অ্যাবাকাস” কী?

1)
হাঁস-মুরগীর ভাইরাস জনিত একটি রোগ

2)
এক প্রকার সুমিষ্ট ফল

✔ 3)
এক প্রকার গণনা যন্ত্র

4)
ল্যাটিন আমেরিকার একটি ক্ষুদ্র দেশ

**ব্যাখ্যা :**

অ্যাবাকাস হলো প্রাচীন একটি গণনা যন্ত্র। এটি খ্রিস্টপূর্ব ৩০০০ সালে ব্যাবিলনে আবিষ্কার করা হয়।

এটি মূলত আড়াআড়ি তারে ছোট গোলক বা পুতি লাগানো চারকোণা কাঠের একটি গণনা যন্ত্র।

57) In order to access the world wide web you need—

✔ 1)
An internet connection, an Internet service provider & Browser

2)
Internet Explorer

3)
Modem & Browser

4)
Nothing

**ব্যাখ্যা :**

- কোন web-এ প্রবেশ করতে হলে internet connection, Internet service provider এবং একটি Browser প্রয়োজন হয়।

  তা না হলে world wide web-এ প্রবেশ করা যায় না।

58) কম্পিউটারে কোনটি নেই?

1)
দীর্ঘ সময় কাজ করার ক্ষমতা

2)
নির্ভুল কাজ করার ক্ষমতা

3)
স্মৃতি

Hello BCS

✔ 4)
বুদ্ধি

**ব্যাখ্যা :**

কম্পিউটার হার্ডওয়ার ও সফটওয়্যার এর সমন্বয়ের মাধ্যমে ব্যবহার কারীর নির্দেশনা অনুসরণ করে কাজ করে।

ব্যবহার কারী যে তথ্য-উপাত্ত দেয় সেগুলোর বিচার বিশ্লেষণ করে কম্পিউটার ফলাফল প্রদর্শন করে।

তার স্মৃতি আছে কিন্তু মানুষের মত বুদ্ধি নেই। কম্পিউটার দীর্ঘ সময় এবং নির্ভুল ভাবে কাজ করতে পারে।

59) ০.৯৬২৩-৩১= কত?

✔ 1)
-৩০.০৩৭৭

2)
-২৯.০৩৭৭

3)
-৩২.৮২৪৬

4)
-৩১.০৩৭৭

Hello BCS

**ব্যাখ্যা :**

এ রকম সহজে করার জন্য বিয়োগ করার সময় আমরা বড় সংখ্যাটা আগে বসাতে হবে এবং বিয়োগের পর ঐ বড় সংখ্যার সামনের চিহ্নটা বিয়োগফলের সামনে দিতে হবে।

৩১.০০০০-০.৯৬২৩= ৩০.০৩৭৭ [যেহেতু ৩১ এর সামনে -(বিয়োগ চিহ্ন) আছে] তাই সঠিক উত্তর হলো -৩০.০৩৭৭

60)
তিন ভাইয়ের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ ৩ ভাইয়ের বয়সের গড় ২৫ বছর হলে, পিতার বয়স কত?

1)
৪৫

2)
৪২

✔ 3)
৫২

4)
৪১

**ব্যাখ্যা :**

তিন ভাইয়ের মোট বয়স = ১৬×৩ = ৪৮ বছর

পিতা সহ ৩ ভাইয়ের মোট বয়স = ২৫×৪ = ১০০

তাহলে পিতার বয়স = ১০০- ৪৮ = ৫২ বছর।

61) ১০টি সংখ্যার যোগফল ৪০০। তাদের প্রথম ৬টির গড় ৪০ এবং শেষ ৬টির গড় ৩০। ষষ্ঠ সংখ্যাটি কত?

1)
৪০

✔ 2)
২০

3)
৩০

4)
কোনোটিই নয়

**ব্যাখ্যা :**

ধরি,
পঞ্চম সংখ্যা x এবং
ষষ্ঠ সংখ্যা y

প্রথম ৬ টি সংখ্যার সমষ্টি = ৪০×৬ = ২৪০
শেষ ৬ " " " =৩০×৬ = ১৮০

ATQ,
২৪০- (x+y)+ ১৮০-(x+y)+(x+y)= ৪০০
বা, ৪২০-(x+y) = ৪০০
বা, x+y = ২০

Hello BCS

অর্থাৎ পঞ্চম সংখ্যা ০ হলে ষষ্ঠ সংখ্যা হবে ২০।

62) ৯৯৯৯৯৯-এর সঙ্গে কোন ক্ষুদ্র তম সংখ্যা যোগ করলে যোগফল ২, ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

1)
৩৯

✔ 2)
২১

3)
৩৩

4)
২৯

**ব্যাখ্যা :** 2,3,4,5 এর লসাগু = 60
999999কে 60 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে 39

নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ভাজক - ভাগশেষ

= 60 - 39
= 21

Hello BCS

63) 3/x+4/(x+1)= 2 হলে x এর মান কত?

1)
2

✔ 2)
3

3)
4

4)
1

**ব্যাখ্যা :** এরকম অঙ্ক গুলো বিস্তারিত করতে গেলে অনেক সময় লাগবে তাই আমরা উত্তর থেকে করার চেষ্টা করি। এখানে x এর এমন একটি মান বসাতে হবে যাতে ফলাফল 2 হয়।

যেমন : x = 2 হলে, 3/2+ 4/2+1= 17/6 (গ্রহণযোগ্য নয়)

x=3 হলে, 3/3+ 4/3+1

= 3/3+4/4

= 1+1

= 2

সুতরাং, x এর মান 3 হলে ফলাফল 2 এর সাথে মিলে যায়।

64) ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট বাঁশ কে ৩ : ৭ : ১০ ভাগ করলে টুকরোগুলোর সাইজ কত?

1)
১২ মিটার : ২০ মিটার : ২৮ মিটার

✔ 2)
৯ মিটার : ২১ মিটার : ৩০ মিটার

3)
৮ মিটার : ২২ মিটার : ৩০ মিটাার

4)
১০ মিটার : ২০ মিটার : ৩০ মিটার

Hello BCS

**ব্যাখ্যা :**

অনুপাত গুলোর যোগফল = ৩+৭+১০ =২০
প্রথম টুকরা =৬০×৩/২০ = ৯ মিটার
২য় টুকরা = ৬০× ৭/২০ = ২১ মিটার
৩য় টুকরা = ৬০× ১০/২০ = ৩০ মিটার
সুতরাং টুকরা গুলোর দৈর্ঘ্য ৯ মিটার : ২১ মিটার : ৩০ মিটার।

65) নিচের কোনটি সঠিক?

1)
$\sin 1° < \sin 179°$

✔ 2)
$\sin 1° = \sin 179°$

3)
sin 1°=sin 180°

4)
sin 1°<sin 180°

ব্যাখ্যা :

sin 1°= sin (180°-1) বা, sin 1°= sin 179°।

66) 1+2+3+4+——+99 = কত?

1)
4850

✔ 2)
4950

3)
4650

4)
4750

Hello BCS

ব্যাখ্যা :

সমষ্টি বের করার সূত্র = পদসংখ্যা (শেষপদ + প্রথম পদ)/ ২
= ৯৯ (৯৯+১)/২
= ৯৯ × ৫০
= ৪৯৫০

67) x−1/x =1 হলে $x^3$-1/$x^3$ এর মান কত?

✔ 1)
4

2)
6

3)
8

4)

2

ব্যাখ্যা : $x^3-1/x^3$
$=(x-1/x)^3 + 3.x.1/x(x-1/x)$
$= 1^3 + 3.1$
$= 4$

68) (x+3)(x-3) কে $x^2$-6 দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে ?

1)
6

2)
-6

3)
3

✔ 4)
-3

ব্যাখ্যা :
$(x + 3)(x - 3)$
$= x^2 - 3x + 3x - 9$
$= x^2 - 9$
= 6 - 9[মান বসিয়ে, $x^2 - 6 = 0$, অতএব, $x^2 = 6$]
= - 3 (ans)

69) একটি বাড়ির উচ্চতা ৪০ ফুট। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা হয়েছে। উপরে মইটি বাড়ির ছাদ ছুয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

1)
৪৮

2)
৪৫

✔ 3)
৪১

4)

৪৩

**ব্যাখ্যা :**

ধরি,
মইটি, x ফুট লম্বা

এখানে,
লম্ব = ৪০ ফুট এবং
ভূমি =৯ ফুট

সুতরাং,
$x^2$ = ৪০²+ ৯²
বা, $x^2$ = ১৬০০+ ৮১
বা, $x^2$= ১৬৮১
∴ x= ৪১ ফুট

Hello BCS

70) ১২৫ এর ১২৫% এর কত?

1)
১২০

2)
১৩০

✔ 3)
১৫৬.২৫

4)
১৫০

**ব্যাখ্যা :** ১২৫ এর ১২৫%= ১২৫× ১২৫/১০০

= ১৫৬.২৫

71) শতকরা ৫ টাকা হার সুদের ১২০ টাকা ৩ বছরে সুদ-আসলে কত হয়?

✔ 1)
১৩৮টাকা

2)
১৩৭.৫০ টাকা

3)
১৪৮ টাকা

4)
১৩৫ টাকা

**ব্যাখ্যা :**

আমরা জানি,
I=pnr (p=120, n=3, r=5%)
$= 120 \times 3 \times 5/100 = 18$

অতএব,
সুদাসল =120+18 = 138 টাকা

72) $x+1/x = \sqrt{2}$ হলে $x^2 + 1/x^2 = ?$

1)
2

✔ 2)
0

3)
-3

4)
-1

**ব্যাখ্যা :** $x^2 + 1/x^2$
$= (x+1/x)^2 - 2.x.1/x$
$= (\sqrt{2})^2 - 2$
$= 2-2 = 0$

73) ৬ জন স্ত্রীলোক অথবা ৮ জন বালক একটি কাজ ১২ দিনে শেষ করতে পারে। ৩ জন স্ত্রীলোক ও ১২ জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

1)

৩ দিন

2)
১২ দিন

3)
৪ দিন

✔ 4)
৬ দিন

**ব্যাখ্যা :**

- ৬ জন স্ত্রীলোক = ৮ জন বালক ১ " " = ৮/৬ " " ৩ " "

  =(৩×৮)/৬= ৪ জন বালক

এখন,

- ৩ জন স্ত্রীলোক ও ১২ জন বালক = (৪+১২)=১৬ জন বালক

৮ জন বালক কাজটি করে ১২ দিনে ১৬ " " " "

= (৮ × ১২)/১৬ = ৬ দিনে

Hello BCS

74) কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?

✔ 1)
৫/২৭

2)
৭/৩৬

3)
২/৯

4)
১১/৪৫

**ব্যাখ্যা :**

৫/২৭=০.১৮৫
৭/৩৬=০.১৯৪

১১/৪৫=০.২৪৪
২/৯=০.২২২

সুতরাং ক্ষুদ্রতম সংখ্যা হলো ৫/২৭

75) একটি গাড়ী ৩৬০০০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। কত টাকায় বিক্রয় করলে ১৬% লাভ হতো?

1)
৫০০০০

2)
৫৫০০০

3)
৫৩০০০

✔ 4)
৫২২০০

**ব্যাখ্যা :**

২০% ক্ষতিতে, ৮০% = ৩৬০০০ টাকা
১% = ৩৬০০০/৮০ ১০০%= ৩৬০০০×১০০/৮০
= ৪৫০০০ টাকা

এখন,
১৬% লাভে বিক্রয়মূল্য = ৪৫০০০ ×১১৬%
= ৫২২০০ টাকা

76) xyz =240 হলে y এর মান কোনটি হতে পারে না?

1)
২

2)
৩

3)
৫

✔ 4)
০

Hello BCS

ব্যাখ্যা :

xyz =240
বা, xz =240/y
অর্থাৎ y এর মান শূন্য হলে xz এর মান অসঙ্গায়িত।
সুতরাং y এর মান শূন্য হতে পারে না।

77) একটি বোতলে আমের জুসের পরিমান ৩৫০ মি.লি। ২৪ টি বোতলে জুসের পরিমাণ কত লিটার?

1)
৬.৪

2)
৭.৪

✔ 3)
৮.৪

4)
৯.৪

ব্যাখ্যা :

একটি বোতলে জুসের পরিমাণ = ৩৫০ মিলি
২৪টি " " " " = ৩৫০× ২৪= ৮৪০০ মিলি
১০০০ মিলি= ১ লিটার
৮৪০০ মিলি = ৮.৪ লিটার।

78) মাইক্রোনেশিয়া এর অবস্থান হলো–

✔ 1)
পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে

2)
এশিয়া ও আফ্রিকার মাঝে

3)
আটলান্টিকের পূর্বে

4)
এশিয়া ও ইউরোপের মাঝে

Hello BCS

**ব্যাখ্যা :**

মাইক্রোনেশিয়া অঞ্চলটি প্রশান্ত মহাসাগরের পশ্চিমে অবস্থিত। এটি ফিলিপাইনের পূর্বে এবং নিউগিনি দ্বীপের উত্তর ও উত্তর-পূর্ব দিকে অবস্থিত।

এ অঞ্চলে মাইক্রোনেশিয়া, পালাউ, মার্শাল দ্বীপপুঞ্জ, কিরিবাতি ও নাউরু এ পাঁচটি স্বাধীন দেশ রয়েছে

79) ভৌগলিক ভাবে গুরুত্বপূর্ন যে কাল্পনিক রেখাটি বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে তা হল-

1)
মূল মধ্যরেখা

✔ 2)
কর্কটক্রান্তি রেখা

3)
মকরক্রান্তি রেখা

4)
আন্তর্জার্তিক তারিখ রেখা

Hello BCS

**ব্যাখ্যা :** কর্কটক্রান্তি বা কর্কটক্রান্তি রেখা (কর্কট মানে কাঁকড়া) বা উত্তর বিষুব পৃথিবীর মানচিত্রে অঙ্কিত প্রধান পাঁচটি অক্ষাংশের একটি।

এটি বিষুবরেখা হতে উত্তরে অবস্থিত এবং ২৩ ডিগ্রী ২৬ মিনিট ২২ সেকেন্ড অক্ষাংশ বরাবর কল্পিত একটি রেখা।

এটি বাংলাদেশের প্রায় মাঝামাঝি দিয়ে গেছে।

একে ট্রপিক অব ক্যান্সার ও বলা হয়ে থাকে

80) কোন দেশটিতে দ্বীপ নেই?

1)
জাপান

2)
ফিলিপাইন

✔ 3)
মালয়েশিয়া

4)

ইন্দোনেশিয়া

**ব্যাখ্যা :**

জাপান পূর্ব এশিয়ার একটি দ্বীপ রাষ্ট্র । জাপানের প্রধান চারটি দ্বীপ হলো- হনসু, কিউসু, শিকোকু এবং হোক্কাইডো।

ফিলিপাইন ৭,১০৭টি দ্বীপ নিয়ে গঠিত একটি দ্বীপ রাষ্ট্র। এদের মধ্যে ১১টি বড় দ্বীপ মোট আয়তনের ৯৪% বহন করছে।

মুসলিম অধ্যুষিত মিন্দানাও এদেশে অবস্থিত। এছাড়া ইন্দোনেশিয়া দ্বীপ রাষ্ট্র হলেও মালেশিয়া দ্বীপ রাষ্ট্র নয়।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS